**TIL Limited**
CIN : L74999WB1974PLC041725
Registered Office:
1, Taratolla Road, Garden Reach
Kolkata-700 024
Ph : 6633-2000, 6633-2845
Fax : 2469-3731/2143
Website: www.tilindia.in

2nd June, 2021

| | | |
|---|---|---|
| The Secretary<br>The Calcutta Stock Exchange Ltd.<br>7, Lyons Range<br>Kolkata 700 001 | The Manager,<br>Listing Department<br>National Stock Exchange of India Ltd.,<br>Exchange Plaza, C-1, Block – G,<br>Bandra Kurla Complex, Bandra (E),<br>Mumbai 400 051<br><br>Stock Code: TIL | The Secretary,<br>Listing Department<br>BSE Ltd.,<br>P.J. Towers,<br>Dalal Street, Fort,<br>Mumbai 400001.<br><br>Scrip Code: 505196 |

Dear Sir/Madam,

**Re: Newspaper Advertisement for release of Audited Financial Results of TIL Limited (the Company) for the fourth quarter and financial year ended on 31st March, 2021**

Pursuant to Regulation 47 of the SEBI (listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith a copy of the advertisement published in "Financial Express" (all Editions), in English and in "Aajkaal" (Kolkata Edition), in Bengali, on Wednesday, 2nd June, 2021 informing about the release of Audited Financial Results (both Consolidated and Standalone) of the Company for the fourth quarter and financial year ended on 31st March, 2021, approved at the Board Meeting held on 31st May, 2021.

Kindly take the same in your records.

Thanking you,

Yours faithfully,
For TIL LIMITED

SEKHAR BHATTACHARJEE
COMPANY SECRETARY

Encl. As above



ব্রাত্যজন পরিবার, পূর্ব পশ্চিম এবং দি বেঙ্গল–এর উদ্যোগে থিয়েটারের নেপথ্য কর্মীদের হাতে দু'মাসের নিত্যপ্রয়োজনীয় সামগ্রী তুলে দিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। মঙ্গলবার বিকেলে মিনার্ভা থিয়েটার ও আকাদেমির সামনে ৭০ জন কর্মীর হাতে সাহায্য তুলে দেন তিনি। সঙ্গে ছিলেন পূর্ব–পশ্চিমের সৌমিত্র মিত্র, শোহনের অনীশ ঘোষ, বালিগঞ্জ যুগ্ম সূচনার বিজয় মুখোপাধ্যায়, পাইকপাড়া ইন্দ্ররঙ্গ–র ইন্দ্রজিৎ চক্রবর্তী প্রমুখ। মিনার্ভা থিয়েটারের সামনে, মঙ্গলবার। ছবি: সুপ্রিয় নাগ

# কাল থেকে ৫ জেলায় ১৫ দিন দুয়ারে ত্রাণ

আজকালের প্রতিবেদন

**ইয়াস–এ ক্ষতিগ্রস্ত পাঁচ জেলায় ৩ জুন থেকে ১৫ দিনের দুয়ারে ত্রাণ ক্যাম্প শুরু হবে। মঙ্গলবার প্রস্তুতি খতিয়ে দেখতে দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর এবং হাওড়ার জেলাশাসকদের সঙ্গে নবান্নে বৈঠকে বসেছিলেন মুখ্য সচিব এইচ কে দ্বিবেদী, স্বরাষ্ট্র সচিব বি পি গোপালিকা। জেলাশাসকদের জানিয়ে দেওয়া হয়, ক্ষতিগ্রস্ত এলাকার স্কুল–কলেজ ক্যাম্পাসে এই ক্যাম্প হবে। আধিকারিকেরা ক্ষতিগ্রস্তদের কাছে দরখাস্ত নেবেন। দরখাস্ত অনুযায়ী বিডিও–রা সরেজমিনে খতিয়ে দেখবেন। দুয়ারে ত্রাণের জন্য নির্দিষ্ট মোবাইল অ্যাপে বিডিও–র চাক্ষুষ তথ্য আপলোড করতে হবে। দরখাস্তের সঙ্গে সেই তথ্য মিলিয়ে নেওয়া হবে। ত্রাণের অর্থ ক্ষতিগ্রস্তদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে যাবে। কোনওভাবেই অনিয়ম বরদাস্ত করা হবে না।**

**মুখ্য সচিব জানিয়ে দেন, কোনও এলাকার ৩৩ শতাংশ কৃষিজমি ক্ষতিগ্রস্ত হলে, সেইসব জমির কৃষকদের 'কৃষক বন্ধু' প্রকল্পের আওতায় আনা হবে। এলাকার ক্ষতিগ্রস্ত কৃষকের নাম কৃষক বন্ধু প্রকল্পে যুক্ত না থাকলে দরখাস্তের ভিত্তিতেই ক্ষতিপূরণ দেওয়া হবে। ঠিক হয়েছে, হুগলির যে অঞ্চলে টর্নেডোর কারণে ক্ষতি হয়েছে, সেখানে আলাদা ক্যাম্প করে ক্ষতিপূরণের ব্যবস্থা করা হবে।**

# রাজ্য ও কলকাতা পুলিশে বড় রদবদল

আজকালের প্রতিবেদন

রাজ্য ও কলকাতা পুলিশের আইপিএস স্তরে বড় রদবদল হল। বিভিন্ন পদমর্যাদার ৫২ জন আইপিএসের বদলি অথবা পদোন্নতি হয়েছে। এ ছাড়া রাজ্য পুলিশ সার্ভিসের ৩ জনের বদলি হয়েছে। প্রবীণ ত্রিপাঠীকে পাঠানো হল ডিআইজি মালদা রেঞ্জে। ডিআইজি বারাসত রেঞ্জ হলেন প্রসূন বন্দ্যোপাধ্যায়। ডিআইজি আইবি হলেন রণেন্দ্রনাথ ব্যানার্জি। রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের ডিআইজি হলেন দীপনারায়ণ গোস্বামী। রায়গঞ্জের নতুন ডিআইজি হলেন অনুপ জয়সওয়াল। ডিআইজি সিআইডি (অপারেশনস) হলেন মীরাজ খালিদ। ডিআইজি ট্রাফিক হলেন অমিতাভ বর্মা। ডিআইজি মেদিনীপুর রেঞ্জ হলেন শ্যাম সিং। ডিআইজি বর্ডার হলেন নীলাঞ্জন বিশ্বাস। ডিআইজি এনফোর্সমেন্ট ব্রাঞ্চ হলেন অরিন্দম দত্ত চৌধুরি। ডিআইজি টেলিকমিউনিকেশন হলেন কঙ্করপ্রসাদ বারুই।

ডিআইজি স্টেট ক্রাইম রেকর্ড ব্যুরো হলেন নীলু শেরপা চক্রবর্তী। এডিজি ফায়ার সার্ভিস হলেন নীলাদ্রি চক্রবর্তী। ডিআইজি মেদিনীপুর রেঞ্জ কুণাল আগরওয়ালকে পাঠানো হল কমপালসরি ওয়েটিংয়ে। ডিআইজি প্রভিশনিং হলেন জয় বিশ্বাস। ডব্লিউবিপিআরবি–র সদস্য সচিব হলেন সুব্রত গঙ্গোপাধ্যায়। এই পদটি ডিআইজি পদমর্যাদার।

কলকাতা পুলিশের আইপিএস স্তরেও বড় রদবদল হয়েছে। কলকাতা পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের যুগ্ম নগরপাল হলেন ভি সলোমন নেসাকুমার। যুগ্ম নগরপাল অর্গানাইজেশন হলেন সৈয়দ ওয়াকার রেজা। সুধীরকুমার নীলকান্তম হলেন কলকাতা পুলিশের স্পেশ্যাল ব্রাঞ্চের যুগ্ম নগরপাল। ডিসি কমব্যাট ব্যাটেলিয়ন হলে অভিষেক গুপ্তা। হাওড়া পুলিশ কমিশনারেটের ডিসি সাউথ জোন হলেন প্রতীক্ষা ঝরখেরিয়া। কলকাতা পুলিশের ডিসি (এনফোর্সমেন্ট ব্রাঞ্চ) হলেন বিদিশা কলিতা। কলকাতা পুলিশের ডিসি সাউথ ওয়েস্ট হলেন স্বাতী ভাঙ্গালিয়া। ডিসিইএসডি হলেন প্রিয়ব্রত রায়। রাজ্য সশস্ত্র বাহিনীর নবম ব্যাটেলিয়নের কমান্ডান্ট হলেন অজয় প্রসাদ। কলকাতা পুলিশের সশস্ত্র বাহিনীর তৃতীয় ব্যাটেলিয়নের ডিসি হলেন অরিন্দম সরকার।

ঝাড়গ্রাম পুলিশ ডিভিশনের নতুন পুলিশ সুপার হলেন বিশ্বজিৎ ঘোষ। বাঁকুড়ার নতুন পুলিশ সুপার হলেন ধৃতিমান সরকার। আইবি স্পেশ্যাল সুপার পদে গেলেন সুরিন্দর সিং। রাজ্য পুলিশের কাউন্টার ইনসার্জেন্সি ফোর্সের পুলিশ সুপার হলেন ডাঃ হোসেন মেহেদি রহমান। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের নতুন ডিসি ট্রাফিক হলেন সন্দীপ কররা। আসানসোল–দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি সেন্ট্রাল হলেন ড. সোনাভানে কুলদীপ সুরেশ। জলপাইগুড়ি এসটিএফের পুলিশ সুপার হলেন যশপ্রীত সিং। রাজ্য সশস্ত্র বাহিনীর চতুর্থ বাহিনীর কমান্ডান্ট হলেন অরীশ বিলাল। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের ডিসি নর্থ হলেন বিদিশরাজ বুন্দেশ। আসানসোল–দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি ওয়েস্ট হলেন অভিষেক মোদি। এসআরপি খড়্গপুর পদে গেলেন শ্রীমতী পুষ্পা। চন্দননগর পুলিশ কমিশনারেটের ডিসি হেড কোয়ার্টার হলেন প্রবীণ প্রকাশ।

সিআইডি–র স্পেশ্যাল সুপার পদে এলেন প্রদীপকুমার যাদব, ওই একই পদে এলেন রাহুল গোস্বামী। ওয়েস্ট বেঙ্গল পুলিশ রেকর্ড ব্যুরো এসপি হলেন তথাগত বসু। রাজ্য পুলিশের অ্যান্টি কোরাপশন ব্যুরোর এসপি হেড কোয়ার্টার হলেন কোটেশ্বর রাও নাভালাথ।

দার্জিলিঙের অতিরিক্ত পুলিশ সুপার হেড কোয়ার্টার হলেন সৌম্যদীপ ভট্টাচার্য। হাওড়া রুরালের অতিরিক্ত পুলিশ সুপার হলেন অলকানন্দা ভাওয়াল। পুরুলিয়ার অতিরিক্ত পুলিশ সুপার অপারেশনস হলেন চিন্ময় মিত্তল। কৃষ্ণনগর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার হলেন অক্ষত গর্গ। অ্যাডিশনাল এসপি রায়গঞ্জ হলেন অর্ষ বর্মা। মাথাভাঙার অতিরিক্ত পুলিশ সুপার হলেন অমিত বর্মা।

পূর্ব মেদিনীপুরের অ্যাডিশনাল এসপি গ্রামীণ হলেন মানব সিংলা। মালদার অ্যাডিশনাল এসপি হলেন অমিতকুমার শ। হুগলি গ্রামীণের অতিরিক্ত পুলিশ সুপার হলেন ঐশ্বর্যা সাগর। জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার হলেন পলাশচন্দ্র ঢালি। জঙ্গিপুরের অতিরিক্ত পুলিশ সুপার হলেন মির সাকিব আলি। রাজ্য সশস্ত্র বাহিনীর ডেপুটি কমান্ডান্ট হলেন সিদ্ধার্থ দর্জি। রাজ্য সশস্ত্র বাহিনীর তৃতীয় ব্যাটেলিয়নের ডেপুটি কমান্ডান্ট হলেন হরেকৃষ্ণ হালদার।


## আইটিসি লিমিটেড

৩১শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত তিন মাস ও বারো মাসের নিরীক্ষিত স্বয়ংসম্পূর্ণ ও একীকৃত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ

(₹কোটি)

| ক্রমিক সংখ্যা | বিবরণ | স্বয়ংসম্পূর্ণ ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২১ | স্বয়ংসম্পূর্ণ বারো মাস সমাপ্ত ৩১.০৩.২০২১ | স্বয়ংসম্পূর্ণ সংশ্লিষ্ট ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২০ | একীকৃত ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২১ | একীকৃত বারো মাস সমাপ্ত ৩১.০৩.২০২১ | একীকৃত সংশ্লিষ্ট ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২০ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কাজকর্ম থেকে মোট আয় | ১৪৯২৮.৯৩ | ৫১৭৭৫.৫৩ | ১২১৭৫.৫৮ | ১৫৯৮৩.৮৬ | ৫৫৭৮৭.৬৮ | ১৩২২৮.৪০ |
| ২ | সময়সীমার মধ্যে নিট লাভ/(ক্ষতি) (কর ও ব্যতিক্রমী দফার আগে) | ৪৮৫৩.৯০ | ১৭১৬৪.১৫ | ৪৫১১.৮৪ | ৫০৩৯.২২ | ১৭৯৪৫.০৯ | ৪৭৪৩.৪৭ |
| ৩ | সময়সীমার মধ্যে কর পূর্ব নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী দফা-পরবর্তী) | ৪৮৫৩.৯০ | ১৭১৬৪.১৫ | ৪৫১১.৮৪ | ৫০৩৯.২২ | ১৭৯৪৫.০৯ | ৪৭৪৩.৪৭ |
| ৪ | সময়সীমার মধ্যে কর পরবর্তী নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী দফা-পরবর্তী) | ৩৭৪৮.৪১ | ১৩০৩১.৬৪ | ৩৭৯৭.০৮ | ৩৮১৯.৬২ | ১৩৩৮২.৮৮ | ৩৯২৬.৭২ |
| ৫ | সময়সীমার মধ্যে সর্বাঙ্গীণ আয় [সময়সীমার মধ্যে (কর-পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য সর্বাঙ্গীণ আয় (কর-পরবর্তী) সমন্বিত] | ৩৭৭৫.৪৪ | ১৩২৭৭.৮৯ | ৩০৩৫.৮৭ | ৩৭৮৩.৪৩ | ১৩৫৮৯.৭৯ | ৩১১৯.৯১ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ১২৩০.৮৮ | ১২৩০.৮৮ | ১২২৯.২২ | ১২৩০.৮৮ | ১২৩০.৮৮ | ১২২৯.২২ |
| ৭ | সংচিতি (পুনর্মূল্যায়ন সংচিতি বাদে) | | ৫৭৭৭৩.৭০ | | | ৫৯১১৬.৪৬ | |
| ৮ | শেয়ার প্রতি উপার্জন (প্রতিটি ₹১) (বার্ষিকীকৃত নয়) | | | | | | |
| | ১. মূল (₹): | ৩.০৪ | ১০.৫৯ | ৩.০৯ | ৩.০৫ | ১০.৭০ | ৩.১৪ |
| | ২. তরল (₹): | ৩.০৪ | ১০.৫৯ | ৩.০৯ | ৩.০৫ | ১০.৭০ | ৩.১৩ |

দ্রষ্টব্যঃ

ক) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-র ৩৩ ধারা অনুযায়ী স্টক এক্সচেঞ্জগুলিতে পেশ-করা নিরীক্ষিত স্বয়ংসম্পূর্ণ ও একীকৃত আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণের সারসংক্ষেপ উপরে উল্লেখ করা হয়েছে। নিরীক্ষিত আর্থিক ফলাফল ও এই সারসংক্ষেপ ১লা জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত বৈঠকে অডিট কমিটি পর্যালোচনা করেছে এবং কোম্পানির পরিচালন পর্যদ তা অনুমোদন করেছে। নিশ্চিতভাবে জানানো হচ্ছে যে কোম্পানির বিধিবদ্ধ অডিটর মেসার্স এস আর বি সি অ্যান্ড কোম্পানি এলএলপি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস, উপরোক্ত স্বয়ংসম্পূর্ণ ও একীকৃত আর্থিক ফলাফলের বিষয়ে অপরিবর্তিত মতামতসহ নিরীক্ষা প্রতিবেদন পেশ করেছে। নিরীক্ষিত স্বয়ংসম্পূর্ণ ও একীকৃত আর্থিক ফলাফলের পূর্ণ বয়ান কোম্পানির ওয়েবসাইট (www.itcportal.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com), বিএসই লিমিটেড (www.bseindia.com) ও কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (www.cse-india.com) -এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ) কোম্পানির পরিচালন পর্যদ (দ্য বোর্ড) ৩১শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত আর্থিক বৎসরে প্রতিটি ₹১-এর সাধারণ শেয়ার প্রতি ₹৫.৭৫-এর চূড়ান্ত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। চূড়ান্ত লভ্যাংশের জন্য সদস্যদের যোগ্যতা নির্ণয়ের উদ্দেশ্যে রেকর্ড তারিখ স্থিরীকৃত হয়েছে শুক্রবার, ১১ই জুন, ২০২১ এবং উক্ত লভ্যাংশ ঘোষিত হলে তা যোগ্য সদস্যদের শুক্রবার, ১৩ই অগাস্ট, ২০২১ তারিখে প্রদান করা হবে। উপরোক্ত ব্যতীত, দ্য বোর্ড ১১ই ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ₹১-এর সাধারণ শেয়ার প্রতি ₹৫.০০-এর অন্তর্বর্তী লভ্যাংশ ঘোষণা করেছে, উক্ত লভ্যাংশ যোগ্য সদস্যদের ১০ই মার্চ, ২০২১ তারিখে প্রদান করা হয়েছে। ১০ই মার্চ, ২০২১ তারিখে প্রদানকৃত শেয়ার প্রতি ₹৫.০০-এর অন্তর্বর্তী লভ্যাংশ সহ, ৩১শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত আর্থিক বৎসরের জন্য মোট লভ্যাংশ শেয়ার প্রতি পরিমাণ ₹১০.৭৫ হয়েছে (৩১শে মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত আর্থিক বৎসরের জন্য মোট লভ্যাংশ-শেয়ার প্রতি ₹১০.১৫)।

রেজিস্টার্ড অফিসঃ
ভার্জিনিয়া হাউস, ৩৭ জে এল নেহরু রোড,
কলকাতা ৭০০ ০৭১, ভারত

তারিখঃ ১লা জুন, ২০২১

পর্যদের পক্ষে

স্বা/-
ডিরেক্টর
কলকাতা, ভারত

স্বা/-
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
নিউ দিল্লী, ভারত

ওয়েবসাইটঃ www.itcportal.com | ই-মেলঃ enduringvalue@itc.in | ফোনঃ +৯১-৩৩-২২৮৮ ৯৩৭১
ফ্যাক্সঃ +৯১-৩৩-২২৮৮ ০৬৫৫ | সিআইএনঃ L16005WB1910PLC001985

Enduring Value

এফ এম সি জি | হোটেল | পেপারবোর্ড এবং প্যাকেজিং | কৃষি ব্যাবসা | তথ্য প্রযুক্তি

5060.2021


# করোনা ও ইয়াস-বিধ্বস্তদের পাশে প্রেসিডেন্সি ও যাদবপুরের পড়ুয়ারা

আজকালের প্রতিবেদন

করোনা পরিস্থিতিতে সমস্যায় পড়েছেন যাঁরা, তাঁদের আর্থিক সাহায্য করতে উদ্যোগী হলেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা। ছাত্র সংসদ তহবিলের প্রায় ৬ লক্ষ টাকা এই খাতে ব্যয় করা হবে। প্রেসিডেন্সির পাশাপাশি করোনা–আক্রান্তদের জন্য সেফ হোম করার পর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও ইয়াস–বিধ্বস্ত সুন্দরবন এলাকায় ত্রাণকাজে উদ্যোগী হয়েছেন। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের জন্য যে নির্দিষ্ট অর্থ বরাদ্দ করা রয়েছে, তা থেকে অতিমারীর এই পরিস্থিতিতে যাঁরা সমস্যার মুখে পড়ছেন তাঁদের আর্থিক সাহায্য করা হবে। শুধুমাত্র প্রেসিডেন্সির ছাত্রছাত্রীরাই নন, বিশ্ববিদ্যালয়ের বাইরের মানুষেরাও এই সাহায্যের আওতায় পড়বেন বলে ছাত্র সংসদের পক্ষ থেকে জানিয়েছেন দেবনীল পাল। দেবনীল জানিয়েছেন, কোভিডের তৃতীয় স্ট্রেন শিশুদের পক্ষে মারাত্মক হয়ে উঠতে পারে বলে বিশেষজ্ঞদের অভিমত। সেই শিশুদের কথা মাথায় রেখেই এ শহরে শিশুদের কোভিডের চিকিৎসার জন্য ছাত্র সংসদের তহবিলের বার্ষিক সাংস্কৃতিক উৎসব করার জন্য বরাদ্দ টাকা তাঁরা তুলে দিতে চলেছেন ইনস্টিটিউট অফ চাইল্ড হেলথের হাতে। এই টাকা সংসদের তহবিলের ৪০ শতাংশ, ৩ লক্ষের মতো। এর সঙ্গে কলেজের যে সব ছাত্রছাত্রী কোভিডের কারণে অর্থনৈতিক সমস্যার মুখে পড়েছেন, তাঁদের জন্য মেধাবৃত্তির ব্যবস্থা করছে ছাত্র সংসদ। সংসদ তহবিলের ৩০ শতাংশ, ২ লক্ষের কিছু বেশি অর্থ মেধাবৃত্তির জন্য বরাদ্দ করা হয়েছে। যে সমস্ত ছাত্রছাত্রী কোভিডের কারণে আর্থিক সমস্যার মুখে পড়েছেন, কর্তৃপক্ষের কাছে ছাত্র সংসদ সেই সব পড়ুয়ার দেওয়া সেমেস্টার ফি ফেরত দেওয়ার দাবি করেছিল। দেবনীল এদিন জানালেন, কর্তৃপক্ষ তাতে রাজি হয়েছেন।



যাদবপুরের কলা, বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং শাখার বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রীদের উদ্যোগে কোভিড এবং ইয়াস–বিধ্বস্ত কুলতলির ভুবনেশ্বরী অঞ্চলের দেবীপুর গ্রামে ত্রাণ বিলি করা হয়। উদ্যোক্তাদের পক্ষে অরিত্র মজুমদার বলেন, গ্রামের ৪০০ পরিবারের হাতে শুকনো খাবার ও অন্যান্য ত্রাণসামগ্রী তুলে দেওয়া হয়েছে।


বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda

## দাবি বিজ্ঞপ্তি

**কদমতলা ব্রাঞ্চ**
**আরিহন্ত টাওয়ার, কে এন মুখার্জি রোড, হাওড়া–৭১১১০১, পশ্চিমবঙ্গ**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে নিম্নলিখিত **ঋণগ্রহীতাগণ ও জামিনদারগণের** প্রতি জামিনযুক্ত ঋণদাতা হিসেবে ব্যাঙ্ক অফ বরোদা দ্বারা জারিকৃত দাবি বিজ্ঞপ্তি:

| ব্রাঞ্চের নাম/ বিজ্ঞপ্তির তারিখ/ এনপিএ–র তারিখ | ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা | সুবিধার ধরন ও প্রকৃতি/ সীমা/ সুদের হার/ বকেয়া অর্থাঙ্ক | জামিনচুক্তি সহ জামিনসমূহের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|
| **কদমতলা/ ১৩(২) বিজ্ঞপ্তির তারিখ: ০৪.০৫.২০২১/ মেসার্স বিজয় এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা)/ এনপিএ–র তারিখ: ২৯.১২.২০২০** | **মেসার্স বিজয় এন্টারপ্রাইজ** প্রোঃ– মিঃ অসিত কুমার মুখার্জি, ৫৩/২২/এ, জে এন লাহিড়ি রোড, পোঃঅঃ– শ্রীরামপুর, থানা– শ্রীরামপুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২০১। **মিঃ অসিত কুমার মুখার্জি,** মেসার্স বিজয় এন্টারপ্রাইজ–এর প্রোপ্রাইটর, ১৮/এ, সতীশ চন্দ্র ঘোষ লেন, পোঃঅঃ– মাহেশ, থানা– শ্রীরামপুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২০২। **মিঃ পার্থপ্রতিম মিত্র,** মেসার্স বিজয় এন্টারপ্রাইজ–এর জামিনদার, ৫৩/২২/এ, জে এন লাহিড়ি রোড, শ্রীরামপুর, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২০১। | [ক্যাশ ক্রেডিট ৩৪৮৪০৫/৬০] **সীমা:** ₹৮৫ লক্ষ / **সুদের হার:** ফ্লোটিং ১০.৪৫% / **অনাদায়ী বকেয়া: ₹৯৮,২৯,৩৬৫.৩৭** (আটানব্বই লক্ষ উনত্রিশ হাজার তিনশো পঁয়ষট্টি টাকা এবং সাঁইত্রিশ পয়সা মাত্র) [বকেয়া: ₹৮৫,২৪,৮৬৪.৯৬ + প্রত্যাবর্ত সুদ: ₹১২,৩১,৮৭২.৮৬ + অপ্রযুক্ত সুদ: ₹৭২,৬২৭.৫৫], ২৬.০৪.২০২১ তারিখের ভিত্তিতে (২৬.০৪.২০২১ অবধি সুদ ধরে) এবং এর ওপর প্রযোজ্য অন্যান্য চার্জ। | নিম্নোক্ত বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং ৫৩/২২/এ, আর এস দাগ নং ১৭১, খতিয়ান নং ৬৩, এল আর দাগ নং ৪৮৬, জে এন লাহিড়ি রোড, মৌজা– বল্লভপুর, থানা– শ্রীরামপুর, জেলা– হুগলি, পিন–৭১২২০১। উক্ত জমিটি নিম্নোক্তরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– ১০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– ১০ ফুট চওড়া রাস্তা; পূর্ব– দীপঙ্কর চ্যাটার্জির বাড়ি; পশ্চিম– পুরসভার রাস্তা। সম্পত্তি বন্ধকির জন্য: (০৯.০২.২০১৮ তারিখের প্রকৃত দানদলিল নং I–৫০৮) আবাসিক বাড়ি, অবস্থান: হোল্ডিং নং ৫৩/২২/এ, আর এস দাগ নং ১৭১, খতিয়ান নং ৬৩, এল আর দাগ নং ৪৮৬, ওয়ার্ড নং ১৬, জে এন লাহিড়ি রোড, মৌজা– বল্লভপুর, থানা– শ্রীরামপুর, জেলা– হুগলি, পিন–৭১২২০১। উক্ত জমির চৌহদ্দি: উত্তর– ১০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– ১০ ফুট চওড়া রাস্তা; পূর্ব– দীপঙ্কর চ্যাটার্জির বাড়ি; পশ্চিম– পুরসভার রাস্তা। |

ওপরে উল্লিখিতমতো চুক্তিমাফিক হারে পরবর্তী সুদ সমেত আমাদের ব্রাঞ্চ থেকে নেওয়া ক্যাশ ক্রেডিট ঋণের বকেয়া অর্থাঙ্ক পরিশোধে আপনারা ব্যর্থ হয়েছেন। ওপরের টেবিলে উল্লেখমতো বকেয়া অর্থাঙ্ক পরিশোধের জন্য উক্ত অ্যাক্টের অধীনে এই ব্যাঙ্ক আপনাদের প্রতি বিজ্ঞপ্তি জারি করেছিল। রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে আপনাদের ঠিকানায় পাঠানো দাবি বিজ্ঞপ্তি অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে। এই কারণে এতদ্দ্বারা আপনাদের এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সুদসমেত বকেয়া অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে যার অন্যথা হলে এই ব্যাঙ্ক এখানে ওপরে লেখা জামিনযুক্ত পরিসম্পদগুলির বিরুদ্ধে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর তফসিলে প্রদত্ত সংস্থান মোতাবেক রাইট অফ এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট প্রয়োগ করতে এই ব্যাঙ্ক বাধ্য হবে। আইনের যে কোনও সংস্থানের অধীনে একইসঙ্গে এই ব্যাঙ্কের অধিকার রক্ষায় কোনও ক্রিয়া শুরু বা আইনি প্রক্রিয়া শুরু করার প্রতি পক্ষপাতদুষ্ট না–হয়ে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হল।

**প্রকাশের তারিখ: ০২.০৬.২০২১; স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা**



## টি আই এল লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪, ফোন : +৯১ ৩৩ ৬৬৩৩ ২০০০ / ২৮৪৫, ফ্যাক্স : +৯১ ৩৩ ২৪৬৯ ২১৪৩ / ৩৭৩১
CIN : L74999WB1974PLC041725, ওয়েবসাইট : www.tilindia.in

স্থায়ী সংক্ষিপ্তসার (৩১শে মার্চ ২০২১ তারিখে সমাপ্ত তিন মাস এবং বারো মাস) এবং
একীকৃত সংক্ষিপ্তসার (৩১শে মার্চ ২০২১ তারিখে সমাপ্ত বারো মাস) আর্থিক ফলাফল

প্রতি শেয়ার এবং ইপিএস ডাটা ছাড়া লক্ষ টাকায়

| ক্রম নং | বিবরণ | স্থায়ী: তিন মাস বাবদ ৩১শে মার্চ ২০২১ অপরীক্ষিত (দ্রষ্টব্য ২ দেখুন) | স্থায়ী: তিন মাস বাবদ ৩১শে ডিসেম্বর ২০২০ অপরীক্ষিত | স্থায়ী: তিন মাস বাবদ ৩১শে মার্চ ২০২০ অপরীক্ষিত (দ্রষ্টব্য ২ দেখুন) | স্থায়ী: বারো মাস বাবদ ৩১শে মার্চ ২০২১ পরীক্ষিত | স্থায়ী: বারো মাস বাবদ ৩১শে মার্চ ২০২০ পরীক্ষিত | একীকৃত: বারো মাস বাবদ ৩১শে মার্চ ২০২১ পরীক্ষিত | একীকৃত: বারো মাস বাবদ ৩১শে মার্চ ২০২০ পরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১) | কারবার থেকে মোট আয় | ৭,০৭১ | ১১,৪৯২ | ৭,৮০২ | ৩১,৬৭৯ | ৩৭,৭২২ | ৩২,০৫১ | ৪৫,৮৫৫ |
| ২) | মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী ও/বা বিশেষ দফার আগে) | (৪,৫৯৪) | ২১৭ | (৪,৭৯৮) | (৭,২২২) | (৪,৩১২) | (৭,৩৬৫) | (৩,৩৬৩) |
| ৩) | করের আগে মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী ও/বা বিশেষ দফার পরে) | (৪,৫৯৪) | ২১৭ | (৪,৭৯৮) | (৬,৯৯৮) | (৪,৩১২) | (৭,১৪১) | (৩,৩৬৩) |
| ৪) | করের পরে সাধারণ কাজে লাভ/(ক্ষতি) (বিশেষ দফার পরে) | (৩,৩৫৭) | ২৩১ | (৩,৩৩৬) | (৬,৭০২) | (২,৭৯৭) | (৬,৮৪৮) | (১,৮৫০) |
| ৫) | মেয়াদ বাবদ মোট সামগ্রিক আয় [মেয়াদ বাবদ লাভ/(ক্ষতি) (করের পরে) ও অন্য সামগ্রিক আয় (করের পরে) সমেত] | (৩,৩৬২) | ২২৯ | (৩,৩৪৪) | (৬,৭১২) | (২,৮০৩) | (৬,৯২৪) | (১,৬৬৬) |
| ৬) | ইক্যুইটি শেয়ার মূলধন (শেয়ারের মূল্য প্রতিটি টাঃ ১০/-) | ১,০০৩ | ১,০০৩ | ১,০০৩ | ১,০০৩ | ১,০০৩ | ১,০০৩ | ১,০০৩ |
| ৭) | সংরক্ষণ (অন্যান্য ইক্যুইটি ) | | | | ২০,৩৯০ | ২৭,১০২ | ২১,৯৮৭ | ২৮,৯১১ |
| ৮) | শেয়ার প্রতি আয় (শেয়ারের মূল্য প্রতিটি টাঃ ১০/-) # | | | | | | | |
| | (ক) মূল (টাঃ) | (৩৩.৪৭) | ২.৩০ | (৩৩.২৬) | (৬৬.৮২) | (২৭.৮৯) | (৬৮.২৭) | (১৮.৪৪) |
| | (খ) মিশ্রিত (টাঃ) | (৩৩.৪৭) | ২.৩০ | (৩৩.২৬) | (৬৬.৮২) | (২৭.৮৯) | (৬৮.২৭) | (১৮.৪৪) |

# শেষ হওয়া তিন মাসের পরিসংখ্যান বার্ষিকৃত নয়।

দ্রষ্টব্য :

১) উপরোক্ত বিবরণ সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস,২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩১শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত বছরের পরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের সংক্ষিপ্তসার। তিনমাস এবং বারো মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com / www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.tilindia.in -তে পাওয়া যাইবে।

২) ৩১শে মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত তিন মাসের অর্থরাশিগুলি এবং ৩১শে মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত সংশ্লিষ্ট তিন মাসের ক্ষেত্রে পরীক্ষিত অর্থরাশি এবং ভারসাম্য পূর্ণ পরিসংখ্যান পরীক্ষিত প্রকাশিত অর্থরাশি-এর মধ্যে ভারসাম্যরক্ষাকারী অর্থরাশি সমূহ।

৩) বোর্ডের অডিট কমিটি কর্তৃক পর্যালোচনামতো উপরোক্ত পরীক্ষিত আর্থিক ফলাফল বোর্ড অফডিরেক্টর্স কর্তৃক ৩১শে মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত উহার সভায় বিবেচনাক্রমে নথিভুক্ত হইয়াছে। সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫-এররেগুলেশন ৩৩ অধীনে আবশ্যকমতো সীমিত পর্যালোচনা কোম্পানির সংবিধিবদ্ধ অডিটর্স কর্তৃক সম্পন্ন করা হইয়াছে।

৪) ইউনিট নং ৫০২-এ, ষষ্ঠ তল, ওয়েস্টার্ন এজ টাওয়ার নং ১, দত্ত পাড়া রোড, বরিভালি (পূর্ব), মুম্বই-৪০০০৬৬ ঠিকানাস্থিত এবং ৪৬৩৬ স্কোয়ার ফিট কার্পেট এরিয়াযুক্ত কোম্পানির নামে নিবন্ধীকৃত এবং স্বত্বাধীন একটি সম্পত্তি বিক্রি করে পাওয়া ২২৪ লক্ষ টাকার মুনাফা ব্যতিক্রমী দফাসমূহের অন্তর্ভুক্ত।

স্থান : কলকাতা
তারিখ : ৩১শে মে, ২০২১

টি আই এল লিমিটেড-এর পক্ষে
**সুমিত মজুমদার**
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর

TIL Tractors India